# মেঘনা পেট্রোলিয়াম পিএলসি.

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

৫৮-৫৯, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম, (www.mpl.gov.bd)।

মুজিব বর্ষ

স্মারক নম্বর: ২৮.২৩.০০০০.৫০৫.০৪.০১৬.২৬-৬১৮ তারিখ: ৩০-০৮-২০২৬ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

খ্যাতনামা পেট্রোলিয়াম পণ্য বিপণনকারী প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম পিএলসি. এ নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য প্রত্যেক পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমঃ | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত/পেশাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সিনিয়র একাউন্টস অফিসার বেতন স্কেল: টা: ২৯০০০-৩০৪৫০-৩১৯৮০--- ৫৭৫১০ | ০২ (দুই) | সম্মানসহ এম.কম/এমবিএ/এমবিএম অথবা সিএ কোর্স সম্পন্নসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী অথবা স্নাতকোত্তর ডিগ্রীসহ সিএ- নলেজ লেবেল/ সিএমএ প্রফেশনাল লেভেল-২ পাস। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | সরকারি বা স্বায়ত্বশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে একাউন্টস/ফাইন্যান্স অফিসার হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীসহ সিএ-নলেজ লেবেল/ সিএমএ প্রফেশনাল লেভেল-২ পাসের ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩৬ বছর |
| ০২ | সিনিয়র এইচ আর অফিসার বেতন স্কেল: টা: ২৯০০০-৩০৪৫০-৩১৯৮০---৫৭৫১০ | ০১ (এক) | সম্মানসহ এম.কম (ব্যবস্থাপনা/এইচ আর)/এমবিএ (ব্যবস্থাপনা/এইচ আর)/ এমএসএস (লোক প্রশাসন) ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/ বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। পিজিডিএইচআর/ পিজিডি পিএম ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। | সরকারি বা স্বায়ত্বশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে এইচ আর/এডমিন/ পার্সোনেল অফিসার হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩৬ বছর |
| ০৩ | অপারেশন্স অফিসার বেতন স্কেল: টা: ২৩০০০- ২৪১৫০-২৫৩৬০---৫৫৪৭০ | ০৮ (আট) | সম্মানসহ স্নাতকোত্তর (পদার্থ/রসায়ন)/এমবিএ অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সিভিল/ ইলেকট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/পেট্রোলিয়াম) ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/ কেমিক্যাল/পাওয়ার/অটোমোবাইল) ডিগ্রী। | সরকারি বা স্বায়ত্বশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৬ বছরের অভিজ্ঞতা। | সর্বোচ্চ ৩৩ বছর |
| ০৪ | একাউন্টস অফিসার বেতন স্কেল: টা: ২৩০০০- ২৪১৫০-২৫৩৬০---৫৫৪৭০ | ০২ (দুই) | সম্মানসহ এম.কম/এমবিএ/এমবিএম অথবা সিএ কোর্স সম্পন্নসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী অথবা স্নাতকোত্তর ডিগ্রীসহ সিএ- নলেজ লেবেল/সিএমএ প্রফেশনাল লেভেল-২ পাস। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/ বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | সরকারি বা স্বায়ত্বশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে একাউন্টস/ফাইন্যান্স/অডিট হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীসহ সিএ-নলেজ লেবেল/সিএমএ প্রফেশনাল লেভেল- ২ পাস অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | সর্বোচ্চ ৩৩ বছর |
| ০৫ | অফিসার (কনফিডেনসিয়াল) বেতন স্কেল: টা: ২৩০০০- ২৪১৫০-২৫৩৬০---৫৫৪৭০ | ০১ (এক) | এম.কম/এমএসএস/এমএসসি/এমবিএ/এমবিএম/ এমএ ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | সরকারি বা স্বায়ত্বশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে কনফিডেনসিয়াল অফিসার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। | সর্বোচ্চ ৩৩ বছর |
| ০৬ | জুনিয়র অফিসার (টেকনিক্যাল সার্ভিস) বেতন স্কেল: টা: ২২০০০- ২৩১০০-২৪২৬০---৫৩০৬০ | ০১ (এক) | সম্মানসহ স্নাতকোত্তর (রসায়ন/ভূ-তত্ত্ব বিজ্ঞান) অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (কেমিক্যাল/ পেট্রোলিয়াম) ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | | সর্বোচ্চ ৩২ বছর |
| | মোট পদ সংখ্যা | ১৫ (পনেরো) টি | | | |

**আবেদনের প্রযোজ্য শর্তাবলী :**

১। প্রার্থীগণ Online এর মাধ্যমে আবেদন করবেন। সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে ০১-০৯-২০২৬ তারিখে সংশ্লিষ্ট পদের পার্শ্বে উল্লিখিত বয়সের অধিক হবে না। বয়সের ব্যাপারে কোন রকম এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। প্রার্থীদের বয়স আবেদন শুরু হওয়ার তারিখে হিসাব করা হবে।

৩। সকল পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার প্রশিক্ষণ থাকা আবশ্যক।

৪। স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত কলেজ/ বিশ্ববিদ্যালয়ের হতে হবে। বিদেশী কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি হতে সমতুল্য সনদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। অফিসার (কনফিডেনসিয়াল) পদের কর্মকর্তাগণ একান্ত সচিব/ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। **চাহিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে। ডিপ্লোমা ডিগ্রীধারীগণ বিএসসি ডিগ্রী অর্জন করলে বিএসসি ডিগ্রী অর্জনের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে।**

৬। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কেবলমাত্র ০১ (এক) টি পদের বিপরীতে দরখাস্ত করতে পারবেন। একই পদের জন্য একাধিক দরখাস্ত বা একই ব্যক্তি একাধিক পদের জন্য দরখাস্ত করলে সকল দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে কোম্পানির অনুমোদিত নিয়োগ বিধি অনুসরণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারী বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮। লিখিত/মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইল SMS ও MPPLC এর ওয়েব সাইট www.mpl.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

৯। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের রঙ্গিন প্রিন্টেড কপি, সদ্যতোলা ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয় পত্র (এনআইডি/স্মার্ট কার্ড), সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পত্রসহ প্রয়োজনীয় দলিলাদির মূল কপি উপস্থাপন করতে হবে। বর্ণিত দলিলাদির এক সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যায়নপূর্বক দাখিল করতে হবে। প্রার্থীদেরকে লিখিত/মৌখিক/স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোটার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার প্রজ্ঞাপন, তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩১/২৩ জুলাই ২০২৪ অনুসরণ করা হবে। কোটায় আবেদনকারী প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় কোটার স্বপক্ষে সকল ডকুমেন্টের মূল কপি উপস্থাপন করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহের এক সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যায়নপূর্বক কোম্পানিতে দাখিল করতে হবে।

১১। **www.mpl.gov.bd** এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৩। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। **Online-এ আবেদনপত্র পূরণ পদ্ধতি :**

ক) ইচ্ছুক প্রার্থীগণকে http://mpl.teletalk.com.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) Online - আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ০১-০৯-২০২৬, সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online - আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ : ৩০-০৯-২০২৬, বিকাল ৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

১৫। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

ক) অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সার্ভিস চার্জ ২৩.০০ টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং অনগ্রসর নাগরিকদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০.০০/- এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সার্ভিস চার্জ ৬.০০ টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনলাইনে আবেদনপত্র সাবমিটের পরবর্তী অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

১ম SMS : MPL<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে (Reply হিসেবে একটি PIN নম্বর পাওয়া যাবে)।

২য় SMS : MPL<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে (Reply হিসেবে User ID ও Password সহ Payment প্রাপ্তি স্বীকারের SMS পাওয়া যাবে)।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

Bhuiyan Halim